


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
মৌলভীবাজার
www.dpe.moulvibazar.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩- এর অপেক্ষমান তালিকা থেকে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীকে আগামী ১৫/০৭/২০২৪ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে স্ব-শরীরে উপস্থিত হয়ে নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মৌলভীবাজার-এ জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

- সংশ্লিষ্ট সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন (সত্যায়িত ১কপি সহ)
- ডোপটেস্ট রিপোর্ট (সত্যায়িত ১কপি সহ)
- পুলিশ ভেরিফিকেশন ফরম ০৩ প্রস্থ (যথাযথভাবে পূরণকৃত)- প্রতিটি পুলিশ ভেরিফিকেশন ফরমের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (চারিত্রিক সনদ ১টি মূল, ২টি সত্যায়িত কপি); উল্লেখ্য পুলিশ ভেরিফিকেশন ফরম অত্রাফিসের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।
- প্রয়োজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সনদ
- জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ, স্থায়ী ঠিকানার প্রত্যয়নসহ সকল মূল সনদ

*** প্রার্থী উল্লেখিত কাগজপত্রসহ নির্ধারিত তারিখের মধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মৌলভীবাজার-এ উপস্থিত হতে না পারলে এবং পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফরম জমা প্রদানে ব্যর্থ হলে পরবর্তীতে তিনি নিয়োগপত্র প্রদানের জন্য বিবেচিত হবেন না।



(মোঃ খোরশেদ আলম)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

মৌলভীবাজার।

☎ ০২৯৯৬৬৮৩৩০০

ই-মেইল : dpeomoulv@gmail.com

৬০/৫/২৪